

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০২২..১০.০৪.০০৪.২০১১-৮৬৫


তারিখঃ ১০/০৮/২০১৭

বিষয়ঃ ০২ জুলাই, ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা / সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা-৮৯, তারিখঃ ২৩ জুলাই, ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। পত্রে বর্ণিত গত ০২ জুলাই, ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব-সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ অগ্রগতির প্রতিবেদন জরুরিভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে


(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ

১. চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১. বিভাগীয় কমিশনার, বিভাগ
২. জেলা প্রশাসক,
৩. উপ-সচিব (উপজেলা-১/সমন্বয় ও কাউন্সিল), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)



গোপনীয়

মোহাম্মদ শফিকউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্ম-সচিব	১) প্রশাসন ২) উন্নয়ন ৩) নগর উন্নয়ন ৪) পাস ৫) আইন
নম্বর: ২৪৩	
তারিখ: ২৪/৬/১৯	

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৯১২.০৬.০১০.১৭.৮৯

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৪/২৩ জুলাই ২০১৭

প্রিয় মহশয়/মহাশয়,

গত ০২ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় অংশগ্রহণের জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় মাননীয় প্রধানমন্ত্রী সচিবগণের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্তসমূহ সংক্ষেপে নিম্নরূপ:

১. রপ্তানি আয় ও বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে সমুদ্র বন্দর, স্থল বন্দর ও বিমান বন্দরের কার্যক্রম সার্বক্ষণিক পরিচালনার জন্য বন্দর কর্তৃপক্ষের ন্যায় কাস্টমস ও ব্যাংকিং কার্যক্রম ৭ দিন ২৪ ঘণ্টা চালু রাখতে হবে;
২. দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পার্বত্য এলাকাসহ অন্যান্য পাহাড় ও টিলা অধ্যুষিত এলাকার পরিবেশ রক্ষা, ভূমিধস প্রতিরোধে কার্যকর ভূমিকা পালনে আরও আন্তরিক হতে হবে যেন এ বছরের মত মর্মান্তিক দুর্ঘটনার পুনরাবৃত্তি না ঘটে এবং জরুরি দুর্যোগ মোকাবেলার জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে;
৩. রাস্তাঘাট নির্মাণের সময় প্রাকৃতিক জলাধার সংরক্ষণ ও রাস্তার দুপাশে বৃক্ষরোপণ, প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধে ম্যানগ্রোভ বাগান সৃজন, সামাজিক বনায়ন কার্যক্রম এবং উপকূলীয় অঞ্চলে বনায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে;
৪. গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে গ্রামে কর্মসংস্থান সৃষ্টি করতে হবে, গ্রামের উন্নয়ন কার্যক্রম জোরদার করে শহরের উপর জনসংখ্যার চাপ হ্রাস ও ধনী-দরিদ্রের বৈষম্য কমাতে হবে;
৫. অঞ্চল ভিত্তিক চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করতে হবে যাতে সর্বোচ্চ সংখ্যক মানুষ উপকৃত হয়।
৬. জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত অর্থ-বছরের প্রথম তিন মাস প্রকল্পের পেপার ওয়ার্ক সম্পন্ন করে শূষ্ক মৌসুমের শুরুতেই ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরু করতে হবে এবং কাজের গুণগতমানের বিষয়টি নিশ্চিত করতে হবে;
৭. বাজেট প্রাপ্তির পরপরই অগ্রাধিকারভিত্তিতে প্রকল্প বাছাইপূর্বক তা বাস্তবায়ন করতে হবে যেন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;
৮. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের হার আরও বাড়াতে হবে। অর্থবছরের শেষ দিকে তাড়াহড়া না করে বছরের শুরু থেকেই বাস্তবায়নের কৌশল নির্ধারণে ব্যবস্থা নিতে হবে;
৯. কাস্ট ট্রাক-ভুক্ত উন্নয়ন প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে আরও আন্তরিক হতে হবে। সং, দক্ষ ও যোগ্য কর্মকর্তাদের প্রকল্প কাজে দায়িত্ব দিতে হবে;
১০. সুশাসন প্রতিষ্ঠা, জনগণের সেবা ও শুদ্ধাচার ব্যবস্থা জোরদার করতে হবে। ভালো কাজের পুরস্কার আর মন্দ কাজের জন্য তিরস্কার ব্যবস্থা কার্যকর করতে হবে। সেবা প্রদানকারী সংস্থাগুলো থেকে সেবা পেতে জনগণের ভোগান্তি হ্রাস করতে হবে;
১১. সরকারি কর্মচারীদের দুর্নীতি বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে হবে;
১২. আন্তঃক্যাডার বৈষম্য দূর করে সকলের ন্যায়সঙ্গত পদোন্নতি এবং পদায়ন নিশ্চিত করার ব্যবস্থা নিতে হবে;
১৩. অপেক্ষাকৃত তরুণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানে অগ্রাধিকার দিতে হবে এবং বাংলাদেশের সংবিধান, জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধি এবং সংসদ পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করতে হবে;

১৪. জমিদার দমন এবং মাদক ব্যবসা নিয়ন্ত্রণে মাঠ পর্যায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং এ ক্ষেত্রে আইন প্রয়োগের

সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ

ক নং ২৪৩
খ: ২৪/৬/১৯

সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ১/৭/১৭